# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**

ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং- প্রকা/শানিব্যউবি-৮(অংশ-৮)শুদ্ধাচার /২০২০-২০২১/৪৬৫ তারিখঃ ১৭.০৯.২০২০

০১। মহাব্যবস্থাপক,সকল বিভাগীয় কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা,সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা/প্রতিবেদন প্রস্তুত এবং ওয়েবসাইটের NIS Tab এ তথ্য Upload প্রক্রিয়ার উপর কর্মশালা আয়োজন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। অত্র ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা,২০২০-২০২১ নির্ধারিত সময়ের মধ্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে দাখিল করা হয়েছে। একইসঙ্গে অত্র ব্যাংকের ওয়েবসাইটে NIS Tab এ Upload করা হয়েছে। সেপ্টেম্বর,২০২০ হতে ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগে নিয়মিত প্রেরণ করতে হবে।

০৩। উক্ত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর অনুচ্ছেদ ১৩.৩ এ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের উল্লেখ রয়েছে।

০৪। গত ২১.০৭.২০২০ তারিখে অত্র বিভাগের পত্র নং - প্রকা/শানিব্যউবি-৮(অংশ-৮)শুদ্ধাচার /২০২০-২০২১/ ৭৮ এর মাধ্যমে ২০২০-২০২১ অর্থ বছরে মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রসঙ্গে একটি পত্র জারী করা হয়। উক্ত পত্রের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সরবরাহকৃত নির্দেশিকা মোতাবেক প্রতিটি বিষয়ের উপর স্বনির্ধারিত লক্ষ্যমাত্রা উল্লেখ করে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা,২০২০-২০২১ প্রণয়ন করে ৩০.০৭.২০২০ তারিখের মধ্যে ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের নিমিত্ত ই-মেইলের মাধ্যমে (dgmictsystem@krishibank.org.bd) এবং (dgmbcbd@krishibank.org.bd) প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। কিন্তু অদ্যাবধি অনেক কার্যালয় হতে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা পাওয়া যায়নি। কয়েকটি কার্যালয়ের সঙ্গে টেলিফোনে যোগাযোগ করা হলে জানা যায় যে, মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত ফরমেটের অনেক অনুচ্ছেদ মাঠ কার্যালয় সমূহের নিকট অস্পষ্ট থাকায় কর্মপরিকল্পনা প্রনয়নে সমস্যার সম্মুখিন হচ্ছে। এ ব্যাপারে প্রধান কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা,২০২০-২০২১ এর অনুচ্ছেদ নং ১৩.৩ (আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান) মোতাবেক ফিডব্যাক সভা এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা,২০২০-২০২১ প্রণয়ন,ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত বিষয়ক কর্মশালা আয়োজন করা হয়েছে।

০৫। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক আওতাধীন আঞ্চলিক /মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করতে হবে। সে লক্ষ্যে অত্র ব্যাংকের আইসিটি অপারেশন বিভাগ কর্তৃক ব্যাংকের ওয়েবসাইটে NIS Tab এ মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের নামে পৃথক Tab খোলা হয়েছে। উক্ত Tab এ ইউজার আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ স্ব স্ব কর্মপরিকল্পনা ও নিয়মিতভাবে ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন Upload করবে। এই বিষয়ে ওয়েবসাইটের NIS Tab এ সংশ্লিষ্ট কার্যালয়সমূহের স্ব স্ব Tab এ লগইন করে তথ্য Upload করার প্রক্রিয়া সম্পর্কে প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়েছে। ইতোমধ্যে আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ হতে NIS Tab এ লগইন করে তথ্য Upload করার প্রক্রিয়া সম্পর্কিত একটি গাইড লাইন মাঠ পর্যায়ে জারি করা হয়েছে।

চলমান-

০৬। এমতাবস্থায়, **আগামী ২০.০৯.২০২০ তারিখ সকাল ১১ ঘটিকা হতে প্রধান কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব মোঃ আজিজুল বারী মহোদয়ের সভাপতিত্বে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে** ০৯টি বিভাগীয় কার্যালয়, ০৯টি বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ৫৩টি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, ৫৪টি আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রনয়ন ও নিয়মিতভাবে ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত ও ওয়েবসাইটে প্রতিবেদন Upload সংশ্লিষ্ট জনবল এবং প্রতি কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ নিয়ে একটি ফিডব্যাক সভা ও কর্মশালা অনুষ্ঠিত হবে। বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ নিকটস্থ বিভাগীয় কার্যালয় এবং আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে উক্ত সভা/কর্মশালায় যুক্ত হবেন।

০৭। সভা অনুষ্ঠানের পূর্বে অংশগ্রহনকারীগণ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সরবরাহকৃত কর্ম-পরিকল্পনা ও ত্রৈমাসিক প্রতিবেদন ফরমেট, আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, প্রণয়ন,বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা,২০২০-২০২১ এবং আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ কর্তৃক জারিকৃত NIS Tab এ লগইন করে তথ্য Upload করার প্রক্রিয়া সম্পর্কিত গাইড লাইন সম্পর্কে পূর্বধারণা অর্জন করার জন্য অনুরোধ করা হলো।

০৮। নিম্নে Zoom এর মাধ্যমে ভিডিও কনফারেন্সিং এ অংশ গ্রহনের ইউজার আইডি ও পাসওয়ার্ড দেয়া হলো :

Meeting ID : 567 215 0431
Password : 9BYn4Y
Date : 20.09.2020
Time : 11AM

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১৭.০৯.২০২০

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫
৯৫৬০০৩১-৩৫/২২৫০

নং- প্রকা/শানিব্যউবি-৮(অংশ-৮)শুদ্ধাচার /২০২০-২০২১/৪৬৫(১২৯)

তারিখঃ ১৭.০৯.২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। চিফ স্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বিকেবি,প্রকা,ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়,বিকেবি,প্রকা,ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর,বিকেবি,প্রকা,ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক,আইসিটি অপারেশন,বিকেবি,প্রকা,ঢাকা- প্রধান কার্যালয় ভবনের বোর্ডরুমে আলোচ্য সংখ্যক অংশগ্রহনকারীর সমন্বয়ে "Zoom"-এর মাধ্যমে ভিডিও কনফারেন্সিং এর প্রয়োজনীয় ব্যবস্থাসহ উপযুক্ত কারিগরি সহায়তা প্রদানসহ সম্পূর্ণ অনুষ্ঠানের রেকর্ড গুগুল ড্রাইভে আপলোড করে ব্যাংকের ওয়েবসাইটে প্রধান কার্যালয়ের NIS Tab এ লিংক প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হলো। উক্ত ভিডিও কনফারেন্সিং এ জুম ক্যামেরা ছাড়াও কম্পিউটারের স্ক্রীণ শেয়ার আবশ্যক হবে।
০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ,বিকেবি,প্রকা,ঢাকা- কর্মশালায় ব্যাংকের ওয়েবসাইটের NIS Tab এ লগইন করে তথ্য Upload করার প্রক্রিয়া সংক্রান্ত প্রশিক্ষণের জন্য উপযুক্ত প্রশিক্ষকের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
০৬। নথি।

১৭.০৯.২০২০

(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক